

দেশসেরা প্রধান শিক্ষক আবেদা আক্তার জাহান

তাড়াইল (কিশোরগঞ্জ)

প্রতিনিধি

1
Shares

৯ জুন ২০২২ ১২:০০ এএম |

আপডেট: ৮ জুন ২০২২

১১:০০ পিএম

দেশসেরা প্রধান শিক্ষক
আমাদের মধ্যে

advertisement

এ বছর মিঠামইন উপজেলার তমিজা খাতুন সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবেদা আক্তার জাহান বাংলাদেশের সেরা প্রধান শিক্ষক নির্বাচিত হয়েছেন। গত সোমবার (৬ জুন) শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বিভাগ কর্তৃক জাতীয় শিক্ষা সপ্তাহের সমাপনী অনুষ্ঠানে তাকে সেরা প্রধান শিক্ষক নির্বাচিত করা হয়। ঢাকা গভ. ল্যাবরেটরি স্কুলে জাতীয় শিক্ষা সপ্তাহের সমাপনী অনুষ্ঠান হয়। সেখানে কর্তৃপক্ষ বিচার বিল্লেষণ করে জাতীয় পর্যায়ে আবেদা আক্তার জাহানকে বাংলাদেশের সেরা প্রধান শিক্ষক নির্বাচিত করেন। দেশসেরা প্রধান শিক্ষক আবেদা আক্তার জাহান রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ-এর সহেদের বীর মুক্তিযোদ্ধা অধ্যক্ষ আবদুল হক নুরুর সহধর্মিণী। এদিকে আবেদা আক্তার জাহান বাংলাদেশের শ্রেষ্ঠ প্রধান শিক্ষক নির্বাচিত হওয়ায় জেলা ও উপজেলা প্রশাসনের কর্মকর্তা, রাজনৈতিক ব্যক্তিত্ব, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানপ্রধানসহ বিভিন্ন পেশাজীবী, সামাজিক সাংস্কৃতিক সংগঠনের নেতৃবৃন্দ অভিনন্দন জানিয়েছেন।

এক প্রতিক্রিয়ায় আবেদা আক্তার জাহান বলেন, ‘এ সম্মাননা আমাকে ও আমার প্রতিষ্ঠানকে উদ্দীপিত ও উন্নাসিত করেছে।’ উল্লেখ্য, তমিজা খাতুন সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় রাষ্ট্রপতি মো.

আবদুল হামিদ-এর মায়ের নামে প্রতিষ্ঠিত। ষ

1
Shares